

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ أَبَانَ بْنِ عُثْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ عَبْدٍ يَقُولُ فِي صَبَاحٍ كُلِّ يَوْمٍ وَمَسَاءِ كُلِّ لَيْلَةٍ بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ثَلَاثَ مَرَّاتٍ فَيَضُرَّهُ شَيْءٌ». فَكَانَ أَبَانُ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ثَلَاثَ مَرَّاتٍ فَيَضُرَّهُ شَيْءٌ». فَكَانَ أَبَانُ قَدْ أَصَابَهُ طَرَفُ فَالَجٍ فَجَعَلَ الرَّجُلَ يَنْظُرُ إِلَيْهِ فَقَالَ لَهُ أَبَانُ: مَا تَنْظُرُ إِلَيْ إِنَّ الْمَا إِنَّ الْمَدِيثَ كَمَا حَدَّثُتُكَ وَلَكِنِي لَمْ أَقُلُهُ يَوْمَئِذ لِيُمْضِيَ اللَّهُ عَلَيَّ قَدَرَهُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن الْمَدِيثَ كَمَا حَدَّثَتُكَ وَلَكِنِي لَمْ أَقُلُهُ يَوْمَئِذ لِيُمْضِيَ اللَّهُ عَلَيَّ قَدَرَهُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَا جَدَّ يُعْرَفُ وَلَيْ وَالْمَا حِينَ يُصِبْحُ مَا حَدَّثُكُ وَلَكِنِي لَمْ تُصِبْعُ فُجَاءَةُ بَلَاءٍ حَتَّى يُصِبْحَ وَمَنْ قَالَهَا حِينَ يُصِبْحُ لَمُ تُصِبْعُ فَجَاءَةُ بَلَاءٍ حَتَّى يُصِبْحَ وَمَنْ قَالَهَا حِينَ يُصِبْحُ لَمُ بُعُ لَهُ فَجَاءَةُ بَلَاءٍ حَتَّى يُصِبْحَ وَمَنْ قَالَهَا حِينَ يُصِبْحُ لَمُ لَيْ فَجَاءَةُ بَلَاءٍ حَتَّى يُصِبْعُ وَمَنْ قَالَهَا حِينَ يُصِبْحُ وَمَنْ قَالَهَا حِينَ يُصِبْحُ لَلْمُ مُن يَالِمُ مَا عَلَيْ فَكَاءَةُ بَلَاءٍ حَتَّى يُصِبْعُ وَمَنْ قَالَهَا حِينَ يُصِعْبِعُ وَمَا فَذَا فَهُ مَا عَلَى مَا عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الْعَلَامَ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهُ فَقَالَ لَهُ اللَّهُ عَلَى اللَّهُ لَا عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الْمَالَعُ فَلَى اللَّهُ عَلَى الْقُولُ لَهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الْعَلَامِ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهُ الْعُلُولُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ الْمَوْلُولُ اللَّهُ الْمُولُ الْمُولُ اللَّهُ الْمُ الْعَلَامُ اللَّهُ الْمُعُولُ اللَّهُ الْمُعُوالِ اللَّهُ الْمُعَلَى اللَّهُ الْمُعَامِ اللَّهُ الْمُ الْمُعَامِ اللَّهُ الْمُعْمِلَ اللَّهُ الْمُعُولُ اللَّهُ الْمُ الْمُعْمِ

বাংলা

২৩৯১-[১১] আবান ইবনু 'উসমান হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পিতাকে এ কথা বলতে শুনেছি যে, রস্লুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে বান্দা প্রত্যেক সকাল-সন্ধ্যায় তিনবার করে পড়বে, ''বিসমিল্লা-হিল্লায়ী লা- ইয়াযুররু মা'আইস্মিহী শায়উন ফিল আর্রি ওয়ালা- ফিস্সামা-য়ি, ওয়া হুওয়াস্ সামী'উল 'আলিম'' (অর্থাৎ- আল্লাহর নামে শুরু করছি, যে নামের সাথে আসমান ও জমিনে কোন কিছুই কোন ক্ষতি করতে পারে না। তিনি সব শুনেন ও জানেন)- কোন কিছু তাকে ক্ষতি করতে পারে না। বর্ণনাকারী বলেন, আবান পক্ষাঘাত রোগে আক্রান্ত ছিলেন। এজন্য যারা হাদীস শুনছিলেন তারা তাঁর দিকে তাকাচ্ছিল। আবান তখন বললেন, আমার দিকে কী দেখছ? নিশ্চয়ই হাদীস যা আমি বর্ণনা করছি তাই, তবে যেদিন আমি এ রোগে আক্রান্ত হয়েছি সেদিন এ দু'আ পড়িনি। এ কারণে আল্লাহ আমার ভাগ্যে যা লিখে রেখেছিলেন তা কার্যকরী হয়েছে। (তিরমিয়ী, আবু দাউদ, ইবনু মাজাহ। কিন্তু আবু দাউদ-এর অপর বর্ণনায় রয়েছে, সে রাতে তাঁর ওপর কোন আকস্মিক বিপদাপদ ঘটবে না যে পর্যন্ত না ভোর হয়, আর যে তা ভোরে বলবে তার ওপর কোন আকস্মিক বিপদাপদ সংঘটিত হবে না যে পর্যন্ত না সন্ধ্যা উপনীত হয়।)[1]

ফুটনোট



[1][1] সহীহ: তিরমিয়ী ৩৩৮৮, আবূ দাউদ ৫০৮৮, ইবনু মাজাহ ৩৮৬৯, মুসতাদারাক লিল হাকিম ১৮৯৫, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২৩, সহীহ আত্ তারগীব ৬৫৫, সহীহ আল জামি' ৫৭৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল বুখারী (রহঃ) আল আদাবুল মুফরাদে এ শব্দে উল্লেখ করেছেন যে, যে ব্যক্তি প্রতিদিন সকাল ও সন্ধ্যায় তিন তিনবার করে (بَسْمِ اللهِ اللَّذِي لَا يَضُرُّ مَعَ اِسْمِه شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ) এ দু'আ পড়বে, ঐ দিন এবং রাতে কোন কিছু তার ক্ষতি করতে পারবে না। আলোচ্য হাদীসে এ মর্মে দলীল রয়েছে যে, নিশ্চয় এ (দু'আয় উল্লেখিত) শব্দগুলো তা পাঠকারী থেকে সকল ক্ষতি প্রতিহত করবে, রাত ও দিনে তার উপর কোন ক্ষতি পৌঁছবে না, যখন সে তা রাত ও দিনের প্রথমভাগে পড়বে।

আবূ দাউদ-এর অপর বর্ণনায় রয়েছে যে, লোকটি তার (আবান) নিকট হাদীস শুনার পর তার দিকে তাকাতে লাগল। অতঃপর তিনি (আবান) বললেন, আমার দিকে তাকাচ্ছ কেন? আল্লাহর কসম! আমি 'উসমান -এর উপর মিথ্যা বলছি না এবং 'উসমান নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর মিথ্যা বলেননি.....।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন